# বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিঃ
## BRITTO MULTIPURPOSE CO-OPERATIVE SOCIETY LTD

অস্থায়ী কার্যালয়:জনতা হাউজিং, মিরপুর সেকশন ১, ঢাকা ১২১৬
প্রতিষ্ঠাকাল: জানুয়ারি ২০১১। রেজি: নং ০১০৭২

স্মারক নং বৃত্ত/২০১২/ তারিখ: ১৩ অক্টোবর ২০১২ খ্রিঃ, ২৮ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ।

বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ: ১৩ অক্টোবর ২০১২ খ্রিঃ, ২৮ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ,
বার ও সময়: শনিবার বিকাল ৪.০০ ঘটিকা।
সভাপতি: এ, এফ, এম, আমীর হোসেন, সভাপতি, বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিঃ
সভার স্থান: খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা ১২১৫।

## বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী

সভার শুরুতে সমিতির সভাপতি উপস্থিত সভ্যগণকে স্বাগত জানান। তিনি সাধারণ সম্পাদককে সভার এজেন্ডাসমূহ উল্লেখ করতে অনুরোধ করেন এবং উপস্থিত সদস্যগণকে উত্থাপিত এজেন্ডার ওপর আলোচনার আহ্বান জানান।

১। (ক) আলোচনা ঃ সমিতির কোষাধ্যক্ষ জনাব মোঃ শামসুদ্দীন মোল্লা (মানিক) সভাকে জানান যে, গত ২৯ সেপ্টেম্বর ২০১২ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য জনাব তোফায়েল আহাম্মদকে নতুন সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচন করা হয়। উল্লেখ্য সমিতির তৎকালিন সাধারণ সম্পাদক জনাব একেএম আবুল কালাম আজাদ স্বয়ং উক্ত সভায় (ব্যবস্থাপনা কমিটির সভায়) জানান যে, তিনি পিএইচডি করার লক্ষে শিক্ষা ছুটিতে (পর্যায়ক্রমে ৩ বছর) জাপানের উদ্দেশ্যে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১২ বাংলাদেশ ত্যাগ করবেন। স্বভাবতই নতুন সাধারণ সম্পাদক নির্বাচনের বিষয়টি সামনে চলে আসে এবং জনাব তোফায়েল আহাম্মদকে সমিতির সাধারণ সম্পাদক নির্বাচন করা হয়। এ পর্যায়ে কোষাধ্যক্ষ জানান, অদ্যকার এ বিশেষ সাধারণ সভায় এ বিষয়টির অনুমোদন প্রয়োজন। অতঃপর সাধারণ সভায় উপস্থিত সদস্যগণ উক্ত অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন।

(খ) সিদ্ধান্ত ঃ জনাব তোফায়েল আহাম্মদ সমিতির সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন মর্মে ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তটি সাধারণ সভায় অনুমোদিত হল।

(গ) বাস্তবায়নে: জনাব তোফায়েল আহাম্মদ, সাধারণ সম্পাদক, বৃত্ত লিঃ।

২। (ক) আলোচনা ঃ সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক হিসাবে জনাব তোফায়েল আহাম্মদ সভাকে অবহিত করেন যে, গত ২৬-০৯-২০১২ খ্রিঃ তারিখে বৃত্ত পল্লি ১ এর গঠনের লক্ষে– জেলা- ঢাকা, থানা- সাভার, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সিএস- ৬৯২নং, এসএ- ২০৭নং, আরএস- ১৯৪নং, মৌজা- "সাধাপুর" স্থিত এসএ-৫৪১নং আরএস- ৩৯২নং খতিয়ানে সিএস ও এসএ দাগ-২ ৫৮, ২৪৮, ২৫৬ ও ২৫১নং আরএস- ১০০২, ১০০৪, ১০১০, ১০১১নং দাগে মোট জমি = ৪৯.৫০ (উনপঞ্চাশ দশমিক পাঁচ শূন্য) শতাংশ জমি রেজিষ্ট্রী বায়না করা হয়। এবং একই মৌজায় গত ০৮-১০-২০১২ খ্রিঃ তারিখে সিএস ও এসএ দাগ- ২৫১ ও ২৫৬নং আরএস- ১০০৮ ও ১০০৯নং দাগে মোট জমি = ৫০ (পঞ্চাশ) শতাংশ জমি সাব-কাওলা ক্রয় এবং

বায়নাকৃত সম্পত্তি বায়নার দিন হতে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে জমির মালিকগণকে সকল টাকা পরিশোধ সাপেক্ষে সাব-কাওলা রেজিষ্ট্রি করে নিতে হইবে। ইহা ছাড়া একই মৌজায় আরও প্রায় ২ (দুই) একর জমি শিগগিরই বায়না রেজিষ্ট্রি করার বিষয়ে জমির মালিকগণের সহিত কথা চলছে।

এ অবস্থায়, জরুরিভিত্তিতে 'বৃত্ত পল্লি ১' এর শেয়ার ক্রয়কারীগণের নিকট হইতে প্রতিটি শেয়ারের বিপরীতে অবশিষ্ট টাকা সংগ্রহ করার জন্য প্রস্তাব করেন। উল্লেখ্য ইতোপূর্বে প্রতিটি শেয়ারের বিপরীতে প্রাথমিক জমা (১ম কিস্তি) হিসেবে ৳১,০০,০০০/- (টাকা একলক্ষ মাত্র) গৃহীত হয়েছে। উক্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>(খ) সিদ্ধান্ত ঃ</u> 'বৃত্ত পল্লি ১' এর প্রতিটি শেয়ারের বিপরীতে ২য় কিস্তির ৳১,৫০,০০০/- (টাকা একলক্ষ পঞ্চাশ হাজার মাত্র) আগামী ৩০ নভেম্বর ২০১২ খ্রিঃ এবং ৩য় (এবং শেষ) কিস্তির ৳১,০০,০০০/- (টাকা একলক্ষ মাত্র) আগামী ৩১ ডিসেম্বর ২০১২ তারিখের মধ্যে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। এ অর্থ যথানিয়মে সমিতির এই ব্যাংক অ্যাকাউন্টে জমা দিতে হবে: **Britto Multipurpose Co-operative Society Ltd., Current A/C # 33 00 45 05, Sonali Bank Ltd., Kawranbazar Br., Dhaka 1215**। অতঃপর ব্যাংক ডকুমেন্ট প্রদর্শনপূর্বক কোষাধ্যক্ষের কাছ থেকে রসিদ সংগ্রহ করতে হবে।

<u>(গ) বাস্তবায়নে:</u> প্রতিটি ক্যাডারের ক্যাডার প্রতিনিধি, সকল সদস্য এবং কোষাধ্যক্ষ।

৩। (ক) আলোচনা ঃ সভাপতি সভায় জানায় যে, 'বৃত্ত পল্লি ১' এর জন্য ক্রয়কৃত সম্পত্তিতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন প্রকার ওজর-আপত্তি আছে কি-না তা নিশ্চিত করার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানসহ সকল তফসিল ব্যাংকের প্রধান কার্যালয়ে উকিল নোটিশ প্রদান করার বিষয়ে প্রস্তাব করেন। বিষয়টি নিয়া বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২টি জাতীয় এবং ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান এবং তফসিলভুক্ত সকল ব্যাংকের প্রধান কার্যালয়ে উকিল নোটিশ প্রদান করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

<u>(খ) সিদ্ধান্ত ঃ</u> অতি সত্তর ২টি জাতীয় এবং সাভারস্থ ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান এবং তফসিলভুক্ত সকল ব্যাংকের প্রধান কার্যালয়ে উকিল নোটিশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হল।

<u>(গ) বাস্তবায়নে ঃ</u> সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক।

৪। (ক) আলোচনা ঃ সাধারণ সম্পাদক সভায় জানায় যে, বিগত বেশ কয়েক মাস যাবৎ অধিকাংশ সদস্যের মাসিক চাঁদা বকেয়া রয়েছে ফলে হিসাব-নিকাশসহ সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করতে বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। এ অবস্থায়, জরুরিভিত্তিতে যে সকল সদস্যের মাসিক চাঁদা বকেয়া রয়েছে তাঁদেরকে চাঁদা প্রদানের জন্য অনুরোধ করা যেতে পারে। বিষয়টি নিয়া বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে চাঁদা হালনাগাদ করার বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করেন।

<u>(খ) সিদ্ধান্ত:</u> জরুরিভিত্তিতে যে সকল সদস্যদের মাসিক চাঁদা বকেয়া রয়েছে তাঁদের নামের তালিকা প্রস্তুতপূর্বক

সিদ্ধান্ত গৃহীত হয়। সদস্যগণ এ চাঁদা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করবেন এবং ব্যাংক ডকুমেন্ট প্রদর্শনপূর্বক কোষাধ্যক্ষের কাছ থেকে রসিদ সংগ্রহ করবেন।

(গ) বাস্তবায়নে: প্রতিটি ক্যাডারের ক্যাডার প্রতিনিধি, সংশ্লিষ্ট সদস্য এবং কোষাধ্যক্ষ।

৫। (ক) আলোচনা ঃ সভাপতি সভায় জানায় যে, যেহেতু বিভিন্ন কারণে বিগত দিনে সমিতির সকল সদস্যগণের নিয়া একত্রিত হয়ে কোন প্রকার সভা বা অনুষ্ঠান (যেমন– ইফতার পার্টি, পুর্ণমিলনী, পিকনিক) করা হয় নাই, সেহেতু আগামী ঈদ-উল-আযহা উপলক্ষে ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান করার প্রস্তাব করেন। বিষয়টি নিয়া বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

(খ) সিদ্ধান্ত: ঈদ-উল-আযহা উপলক্ষে বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সকল সদস্য ও শুভানুধ্যায়ীদের সমন্বয়ে 'ঈদ পূর্ণর্মিলনী' অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বাস্তবায়নে: সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ, এফ, এম, আমীর হোসেন
সভাপতি
বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড

স্মারকনং-বৃত্ত/২০১২/ তারিখ ঃ ২৯ সেপ্টেম্বর ২০১২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। জেলা সমবায় কর্মকর্তা (ও নিবন্ধক, বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড), ঢাকা জেলা, ঢাকা।
০২। সভাপতি, বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড, মিরপুর, ঢাকা।
০৩। সহসভাপতি --------------------- (সকল), বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড, মিরপুর, ঢাকা।
০৪। সম্পাদক/ব্যবস্থাপনা-কমিটির-সদস্য ---------- (সকল), ব্যবস্থাপনাকমিটি, বৃত্তলিঃ, মিরপুর, ঢাকা।
০৫। সাধারণসদস্য---------- (সকল), বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড,মিরপুর, ঢাকা।
০৭। দপ্তরকপি।

তোফায়েল আহাম্মদ
সাধারণ সম্পাদক
বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড